গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া
(সাধারণ শাখা)
www.kushtia.gov.bd

## ১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ এহেতেশাম রেজা<br>জেলা প্রশাসক, কুষ্টিয়া। |
| সভার তারিখ | : | ০৪ এপ্রিল, ২০২৪। |
| সময় | : | সকাল ১১.১৫ ঘটিকা। |
| সভার স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, কুষ্টিয়া। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি সভার প্রারম্ভে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের সকল শহিদ সদস্য, জাতীয় চার নেতাসহ ১৯৭১ সালে স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণকারী বীর শহিদদের প্রতি বিনম্র শ্রদ্ধা ও সম্মান জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি ঐতিহাসিক মুজিবনগর দিবসের গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে বলেন যে, ১৯৭১ সালের ১৭ এপ্রিল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে মেহেরপুর জেলার বৈদ্যনাথ তলায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার শপথ গ্রহণ করে। এটি ছিল বাংলাদেশের প্রথম সরকার। এ সরকারের অধীনেই মুক্তিযুদ্ধ পরিচালিত হয় বিধায় ১৭ এপ্রিল বাংলাদেশের ইতিহাসে অত্যন্ত গুরুত্বপূর্ণ দিন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুষ্টিয়া মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে ১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে বিগত ০৬ মার্চ ২০২৪ তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে সভায় উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে নিম্নরূপ কর্মসূচি গৃহীত হয়।

| তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১৭ এপ্রিল ২০২৪<br>সকাল ০৯:৩০ টা | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণ | কালেক্টরেট চত্বর, কুষ্টিয়া | জেলা প্রশাসন<br>কুষ্টিয়া। |
| ১৭ এপ্রিল ২০২৪<br>সকাল ১০:০০ টা | "ঐতিহাসিক মুজিবনগর দিবস এবং বাংলাদেশের স্বাধীনতা" শীর্ষক আলোচনা সভা | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, কুষ্টিয়া | জেলা প্রশাসন<br>কুষ্টিয়া। |
| ১৭ এপ্রিল ২০২৪<br>সন্ধ্যায় | সকল গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা | স্ব স্ব প্রতিষ্ঠান | ১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুষ্টিয়া।<br>২। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণ। |

**১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ**

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১ | ১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে কুষ্টিয়া কালেক্টরেট চত্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ভাস্কর্যে সকাল ৯:৩০ মিনিটে পুষ্পস্তবক অপর্ণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | জেলা প্রশাসন<br>কুষ্টিয়া। |
| ২ | ১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে সকাল ১০:০০ টায় "ঐতিহাসিক মুজিবনগর দিবস এবং বাংলাদেশের স্বাধীনতা" শীর্ষক আলোচনা সভা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | জেলা প্রশাসন<br>কুষ্টিয়া। |
| ৩ | ১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে গৃহীত কর্মসূচিতে সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, কুষ্টিয়া এবং কোম্পানি কমান্ডার, সিপিসি-১, র‍্যাব-১২, কুষ্টিয়াকে অনুরোধ করা হয়। | ১। পুলিশ সুপার, কুষ্টিয়া।<br>২। কোম্পানি কমান্ডার, সিপিসি-১, র‍্যাব-১২, কুষ্টিয়া। |
| ৪ | ১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মুজিবনগর দিবসের তাৎপর্য তুলে ধরে "ঐতিহাসিক মুজিবনগর দিবস এবং বাংলাদেশের স্বাধীনতা" শীর্ষক আলোচনা সভা এবং রচনা প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | জেলা শিক্ষা অফিসার<br>কুষ্টিয়া। |
| ৫ | ১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে আগামী ১৬ এপ্রিল বিকালে কুষ্টিয়া কালেক্টরেট চত্বরের ধুলাবালি নিবারণের লক্ষ্যে প্রয়োজনীয় পরিমাণ পানি ছিটানো জন্য সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কুষ্টিয়াকে অনুরোধ করা হয়। | সহকারী পরিচালক<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কুষ্টিয়া। |
| ৬ | ১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৪ উদ্‌যাপন উপলক্ষে জেলার গুরুত্বপূর্ণ সরকারি, বেসরকারি, আধাসরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/ ভবনসমূহে ১৭ এপ্রিল সন্ধ্যায় আলোকসজ্জাকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। নির্বাহী প্রকৌশলী<br>গণপূর্ত বিভাগ কুষ্টিয়া।<br>২। সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানগণ। |
| ৭ | জেলা পর্যায়ের অনুষ্ঠানের সাথে সঙ্গতি রেখে উপজেলা পর্যায়ে ১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৪ উদ্‌যাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার<br>(সকল), কুষ্টিয়া। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে ১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস ২০২৪ এর সকল কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় বাস্তবায়নে সকলের স্বতঃস্ফূর্ত উপস্থিতি ও সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/৪/২০২৪

(মোঃ এহেতেশাম রেজা)
জেলা প্রশাসক
কুষ্টিয়া।

স্মারক নং-০৫.৪৪.৫০০০.০০১.২৩.০০১.২৩- ৬৮৮

তারিখ : ২৫ চৈত্র ১৪৩০
০৮ এপ্রিল ২০২৪

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

৪। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

৫। পুলিশ সুপার, কুষ্টিয়া।

৬। চেয়ারম্যান, জেলা পরিষদ, কুষ্টিয়া।

৭। মেয়র, কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া।

৮। সিভিল সার্জন, কুষ্টিয়া।

৯। প্রধান নির্বাহী কমকর্তা, জেলা পরিষদ, কুষ্টিয়া।

১০। উপপরিচালক, স্থানীয় সরকার, কুষ্টিয়া।

১১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি/উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুষ্টিয়া।

১২। জেলা পর্যায়ের কর্মকর্তা.................................................................. কুষ্টিয়া।

১৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)..........................................................উপজেলা ।

১৪। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুষ্টিয়া। [কার্যবিবরণীটি জেলার ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ]

১৫। সভাপতি/সাধারণ সম্পাদক, কুষ্টিয়া প্রেসক্লাব, কুষ্টিয়া।

১৬। সভাপতি/সাধারণ সম্পাদক, কুষ্টিয়া প্রেসক্লাব-কেপিসি, কুষ্টিয়া।

১৭। জেলা প্রতিনিধি, বিটিভি, কুষ্টিয়া।

১৮। জেলা প্রতিনিধি, বাসস, কুষ্টিয়া।

১৯। ..................................................................

২০। অফিস কপি।

৮/৪/২৪

জেলা প্রশাসক
কুষ্টিয়া।